

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন



১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

www.dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৬.২৩.১৬২.২২- ৭২৭

তারিখঃ

২২ আষাঢ় ১৪২৯
০৬ জুলাই ২০২২

বিজ্ঞপ্তি

প্রতি বছরের ন্যায় এবারও জাতীয় যুব দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে আত্মকর্মসংস্থানে সফল আত্মকর্মী ও সংগঠনভিত্তিক কার্যক্রমের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নমূলক কর্মকাণ্ডে অসাধারণ অবদানের জন্য শ্রেষ্ঠ যুব সংগঠককে জাতীয় যুব পুরস্কার প্রদান করা হবে। সফল আত্মকর্মী ক্যাটাগরিতে মোট ১৯ টি : জাতীয়ভাবে ১ম, ২য়, তয়- ০৩ টি তন্মধ্যে ০১ (এক) জন হবেন নারী, প্রতি বিভাগ হতে- ০২ টি করে ১৬ টি তন্মধ্যে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী - ০১ জন, বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক- ০১ জন, ট্রান্স জেন্ডার - ০১ জন এবং যুব সংগঠক ক্যাটাগরিতে মোট ১২ টি: জাতীয়ভাবে - ০২ টি তন্মধ্যে ০১ (এক) জন হবেন নারী, প্রতি বিভাগ হতে ০১ টি করে- ০৮ টি, বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক কোটায়- ০১ টি, ট্রান্স জেন্ডার কোটায়- ০১ টি পুরস্কার প্রদান করা হবে।

- ০২। এ লক্ষ্যে জাতীয় যুব পুরস্কার নীতিমালা (সংশোধিত) ২০২২ অনুসারে উপযুক্ত প্রার্থী মনোনয়নের জন্য নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদনের ক্ষেত্রে জাতীয় যুব পুরস্কার নীতিমালা (সংশোধিত) ২০২২ যথাযথভাবে অনুসরণ করতে হবে। আবেদন ফরম ও জাতীয় যুব পুরস্কার নীতিমালা (সংশোধিত) ২০২২ যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইট (www.dyd.gov.bd) এ পাওয়া যাবে। আবেদন দাখিলের সময় আবেদন ফরম সঠিকভাবে পূরণ করা হয়েছে কিনা তা নিশ্চিত হতে হবে। আবেদনপত্র এবং সংযুক্ত দলিলাদি সুন্দর করে স্পাইরাল বাইন্ডিং পূর্বক দাখিল করতে হবে। প্রোফাইল প্রস্তাবে সূচিপত্র থাকতে হবে। আবেদনপত্রে বর্ণিত তথ্যাদির সমর্থনে উপযুক্ত প্রমাণক সংযুক্ত করতে হবে। নির্ধারিত আবেদন ফরম ব্যতীত অন্য কোনো ফরমে আবেদন করা হলে তা বিবেচনা করা হবে না। আগ্রহী প্রার্থীগণকে স্ব-স্ব উপজেলা/থানা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে ০৭ আগস্ট ২০২২ বিকাল ৫ টার মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ০৩। আত্মকর্মী যুবদের অবশ্যই যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে।
- ০৪। যুব সংগঠক পুরস্কারের জন্য আবেদনকারীকে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত/স্বীকৃতি প্রদানকৃত যুব সংগঠনের সক্রিয় সদস্য হতে হবে।
- ০৫। বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক/ট্রান্স জেন্ডার/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় কোনো আবেদনকারী আবেদন করলে সংশ্লিষ্ট কোটার সমর্থনে যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়ন দাখিল করতে হবে।
- ০৬। সফল আত্মকর্মী অথবা যুব সংগঠক ক্যাটাগরিতে কেউ জাতীয় যুব পুরস্কার পেয়ে থাকলে তিনি ঐ ক্যাটাগরিতে পুরস্কারের জন্য আবেদন করতে পারবেন না।
- ০৭। কোনো বিষয়ে অস্পষ্টতা থাকলে যুব উন্নয়ন অধিদপ্তরের স্থানীয় উপপরিচালক/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে সহায়তা গ্রহণ করা যেতে পারে।
- ০৮। আবেদন গ্রহণ কিংবা বাতিলের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(মো: আজহারুল ইসলাম খান)

মহাপরিচালক (গ্রেড-১)

যুব উন্নয়ন অধিদপ্তর

ফোন: ০২-২২৩৩৮৯৩৮৯

E-mail: dg@dyd.gov.bd